এজেন্ট সিমে তিন দিনে ২ কোটি টাকার জুয়া লেনদেন, গ্রেপ্তার ১



ছবি: সংগৃহীত

অনলাইন জুয়ার মাধ্যমে অবৈধ অর্থ লেনদেন ও বিদেশে অর্থ পাচারের অভিযোগে করা মামলায় মো. লিটন হাওলাদার (৩৬) নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)। নিজের নামে নিবন্ধিত বিকাশ ও নগদের এজেন্ট সিম ১০ হাজার টাকার বিনিময়ে তিন দিনের জন্য ভাড়া দিয়েছিলেন তিনি। ওই সিমের বিকাশ অ্যাকাউন্টে তিন দিনে ২ কোটি ২৬ লাখ ৩৩ হাজার ৮০১ টাকার লেনদেন হয়েছে।

বৃহস্পতিবার (৫ নভেম্বর) সিআইডির বিশেষ পুলিশ সুপার (মিডিয়া) স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, পল্টন মডেল থানায় গত ৩১ আগস্ট দায়ের করা ৩৫ নম্বর মামলাটি তদন্ত করতে গিয়ে লিটনকে গ্রেপ্তার করা হয়। জুয়া প্রতিরোধ আইন, ২০২৬-এর ১৫, ১৬, ১৭, ১৮, ১৯(১), ২২, ২৩, ২৪(১), ২৪(২), ২৫ ও ২৭ ধারায় মামলাটি করা হয়েছে।

এ মামলায় আগে গ্রেপ্তার হওয়া শেখ সাখির আহম্মেদ (৩৩) গত ৪ সেপ্টেম্বর আদালতে সোপর্দ হওয়ার পর অনলাইন জুয়ার কাজে ব্যবহৃত ১৪ জন দোকানদারের নাম প্রকাশ করেন। তাঁর দেওয়া তথ্যের ভিত্তিতে খুলনার বৈকালী এলাকার ‘লিটন টি স্টল’-এর এজেন্ট লিটন হাওলাদারকে শনাক্ত করে সিআইডি। পরে জিজ্ঞাসাবাদের জন্য গত ৪ নভেম্বর তাঁকে সিআইডি প্রধান কার্যালয়ে তলব করা হয়।

জিজ্ঞাসাবাদে লিটন জানান, খুলনার বয়রা এলাকার অটোরিকশাচালক হানিফের কাছে নিজের নামে নিবন্ধিত বিকাশ ও নগদের এজেন্ট সিমটি তিন দিনের জন্য ভাড়া দিয়েছিলেন তিনি। এর বিনিময়ে তাঁকে ১০ হাজার টাকা দেওয়া হয়। ওই সিমের বিকাশ অ্যাকাউন্টের লেনদেন পর্যালোচনা করে গত ৭ থেকে ৯ আগস্ট পর্যন্ত তিন দিনে ২ কোটি ২৬ লাখ ৩৩ হাজার ৮০১ টাকা অনলাইন জুয়ার সাইটে লেনদেনের তথ্য পাওয়া যায়।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, আগে গ্রেপ্তার হওয়া শেখ সাখির আহম্মেদের দেওয়া তথ্যের সত্যতা পাওয়ার পর লিটনকে গ্রেপ্তার করা হয়। এ সময় তাঁর কাছ থেকে একটি বাটন মোবাইল ফোন ও একটি বিকাশ-নগদ এজেন্ট সিম জব্দ করা হয়েছে।

জিজ্ঞাসাবাদে লিটন টাকার বিনিময়ে নিজের নামে নিবন্ধিত এজেন্ট সিম অনলাইন জুয়ার কাজে ভাড়া দেওয়ার কথা স্বীকার করেছেন বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়। এ ঘটনায় তাঁর বিরুদ্ধে প্রাথমিক তথ্য-প্রমাণ পাওয়ার কথাও জানিয়েছে সিআইডি। মামলার সঙ্গে জড়িত অন্যদের শনাক্ত ও গ্রেপ্তারে তদন্ত চলছে।